

সেবির পদক্ষেপ T+3 লিস্টিং রেজিম

আরও দ্রুত যাতে শেয়ার লিস্টিং করা যায়, সে বিষয়ে পদক্ষেপ নিয়েছে সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ বোর্ড অফ ইন্ডিয়া। পাবলিক ইস্যু হওয়ার পর সংশ্লিষ্ট কোম্পানিকে এখনকার T+6 পদ্ধতি না মেনে T+3 পদ্ধতি মেনে চলতে হবে বলে মার্কেট নিয়ন্ত্রক সেবি জানিয়েছে।

পাবলিক ইস্যু বন্ধ হওয়ার পরবর্তীকালে লিস্টিং এবার থেকে তিনটি ওয়ার্কিং ডে-র মধ্যে করতে হবে। এখন ছ'দিন লাগে। এক্ষেত্রে 'T' মানে ইস্যুর ক্লোজিং তারিখ। পাবলিক ইস্যুর অফার ডকুমেন্টে T+3 টাইমলাইন উল্লেখ করতে হবে কোম্পানিকে।

এছাড়াও ট্রেডিং শুরু হবে (সেকেন্ডারি মার্কেট) T+3 দিন থেকে। তার আগে অ্যালটমেন্টের বিজ্ঞাপন দিতে হবে T+2 দিনে, রাত্রি ৯ টার মধ্যে।

India Shelter Finance	Jana Small Finance Bank	Suraj Estate Developers
Flair Writing Industries	Fedbank Financial	NSDL
Esaf Small Finance Bank	Muthoot Microfin	Alphalogic Industries

এই মুহূর্তে একগুচ্ছ পাবলিক ইস্যুর অফার ডকুমেন্ট সেবির কাছে অনুমোদনের অপেক্ষায়। বেশ কিছু সেক্টরের কোম্পানিগুলির মধ্যে থেকে বেছে নিয়ে এই সংক্ষিপ্ত তালিকা তৈরি করা হল।